

আরব জাতিসংঘের মহাসচিব ১৬-১৮ ডিসেম্বর ২০১৩ ভারতে সরকারি সফর করছেন

মাননীয় পররাষ্ট্রমন্ত্রী শ্রী সলমন খুরশিদের আমন্ত্রণে আরব জাতিসংঘের মহাসচিব সম্মানীয় ডঃ নাবিল এলারেবি ভারতে ১৬-১৮ ডিসেম্বর ভারতে সরকারি সফর করছেন।

এই সফরে ডঃ নাবিল সম্মানীয় উপরাষ্ট্রপতি ডঃ হামিদ আনসারি এবং মাননীয় পররাষ্ট্রমন্ত্রী শ্রী সলমন খুরশিদের সঙ্গে সাক্ষাৎ করেন তাঁরা সিরিয়া ও মধ্যপ্রাচ্যের শান্তি পরিকার্য সহ অভিন্ন স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক ক্ষেত্রের বিস্তৃত বিষয়ে মত বিনিময় করেন।

এই সফরে ভারত ও আরব জাতিসংঘের মধ্যে সহযোগিতা সমরোতা ও ২০১৪-১৬ সালের কার্যকরী কর্মসূচী রূপায়ণ স্বাক্ষরিত হয়। ভারত ও ২২ সদস্যের আরব জাতিসংঘের মধ্যে মন্ত্রী ও উচ্চস্তরীয় অফিসার পর্যায়ের বার্তালাপের কাঠামো গড়ে তুলে প্রাতিষ্ঠানিক যোগাযোগের মাধ্যমে দ্বিপাক্ষিক সম্পর্কে গতিবেগ সৃষ্টি করার লক্ষ্যেই এই সব দলিলগুলি স্বাক্ষরিত হয়। বাণিজ্য ও লগিস্টিক্স, এনার্জি, ক্ষুদ্র ও মাঝারি শিল্প, সংস্কৃতি, প্রতিষ্ঠান নির্মাণ ইত্যাদির মতো বহু বৈচিত্রের ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি এই সমরোতার উদ্দেশ্য।

ভারত ও আরব বিস্তৰ মধ্যে ঐতিহাসিক, সাংস্কৃতিক ও সভ্যতাগত যোগসূত্রে আবদ্ধ সহযোগিতার মৌলিক ভিত্তি হলো আলোচনা ও পরামর্শের মাধ্যমেই আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা অর্জন, সংরক্ষণ ও অগ্রগতির জন্য দৃঢ় দায়বদ্ধতার সঙ্গে ঔপনিবেশিকতা ও দক্ষিণ-দক্ষিণ সহযোগিতার বিষয়ে অভিন্ন বিস্তাসে ব্রতী হওয়া।

নয়াদিল্লি

১৭ ডিসেম্বর ২০১৩